সমকাল

তারিখ ... 3·1·AUG·2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# ক্লাসে না পড়িয়ে কোচিংয়ে বাধ্য করছেন শিক্ষকরা

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোনো কোনো শিক্ষক ক্লাসে শিক্ষার্থীদের যথাযথভাবে না পড়িয়ে কোচিংয়ে বাধ্য করছেন। শিক্ষার্থীদের নোটবই পড়তে উদ্বুদ্ধ করা, শিক্ষা প্রতিষ্ঠানে অনিয়মিত উপস্থিতিসহ নানা অভিযোগও রয়েছে শিক্ষকদের বিরুদ্ধে। তারা মনে করেন, ক্লাসে পড়ালে কোচিং-প্রাইভেটে শিক্ষার্থীরা আসবে না।

গতকাল মঙ্গলবার রাজধানীর ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ মিলনায়তনে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান মূল্যায়ন প্রতিবেদন ২০১৫ প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, কিছু কলেজ থেকে একজনও পাস করেনি। মাত্র একজন পরীক্ষা দিয়ে একজনই ফেল। তাহলে আপনি কী পরিদর্শন করলেন? তিনি বলেন, কেউ নোটবই থেকে প্রশ্ন করলে তা বাতিল করা হবে এবং তাকে শাস্তি পেতে হবে। এ ছাড়া লম্বা সময়ের পরীক্ষাও কমিয়ে আনা হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, টিকিউআই প্রকল্প পরিচালক জহির উদ্দিন বাবর প্রমুখ।